

২০২০

বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ কোর্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNGH-GE-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ,
অলংকার ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $২ \times ১০ = ২০$

- ক) চর্যাপদের আদি পদকর্তা কে? চর্যাপদের কবিদের মধ্যে সর্বাধিক পদ রচনা কে করেন?
- খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কত সালে আবিষ্কার করেন?
- গ) বাংলা ভাষায় রচিত সর্বশ্রেষ্ঠ চৈতন্যজীবনী কাব্যের নাম ও রচয়িতার নাম লেখো।
- ঘ) কৃত্তিবাস ওঝা ও কাশীরাম দাস রচিত অনুবাদিত মহাকাব্য দুটির নাম লেখো।

(পরের পাতায়)

- ঙ) 'সুকবিবল্লভ' কোন্ কবির উপাধি? তাঁর রচিত কাব্যের নাম লেখ।
- চ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুটি সাধারণ বৈশিষ্ট্য লেখো।
- ছ) 'ধর্মমঙ্গল' কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?
- জ) বাংলা মঙ্গলকাব্যধারায় 'নতুন মঙ্গল' কাব্য কোনটি? কার পৃষ্ঠপোষকতায় কাব্যটি রচিত হয়?
- ঝ) শাক্ত পদকর্তা রামপ্রসাদ সেন কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠত্ব লাভ করেন?
- ঞ) চৈতন্য পূর্ববর্তী এবং চৈতন্য পরবর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ট) 'মাধব বহত মিনতি করি তোয়' — পদটি কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে?
- ঠ) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে' — কোন্ অলংকারের উদাহরণ? অলংকারটির সংজ্ঞা লেখো।
- ড) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা ও উদাহরণ লেখো।
- ঢ) স্বরবৃত্ত ছন্দের অপর দুটি নাম লেখো।
- ণ) অক্ষরবৃত্ত ছন্দের মাত্রা গণনা পদ্ধতি লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$
- ক) যে কোন দুটি অলংকার সম্বন্ধে আলোচনা করো :
শ্লেষ, যমক, উৎপ্রেক্ষা।

খ) ‘রাধার কি হৈল অন্তরে ব্যাথা’ — পদটি কার লেখা?
কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্য সৌন্দর্য ব্যাখ্যা করো।

গ) ছন্দোলিপি নির্ণয় করো :

সেই মনে পড়ে জৈষ্ঠ্যের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম

অতি ভোরে উঠি তাড়াতাড়ি ছুটি আম কুড়োবার ধুম।

ঘ) টীকা লেখো : (যে কোনো একটি)

বিদ্যাপতি, চৈতন্যভাগবত

ঙ) কৃত্তিবাসী রামায়ণের বাঙালীয়ানার পরিচয় দাও।

চ) ‘ধর্মমঙ্গল’ কাব্যে ঘনরাম চক্রবর্তীর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে চর্যাপদের যোগ কতটা?
বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সামাজিক চিত্র
আলোচনা করো। $৪+৬$

খ) অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য
উদাহরণসহ আলোচনা করো। $২+৮$

গ) ‘মনসামঙ্গল’ কাব্যধারায় বিজয়গুপ্ত ও নারায়ণদেবের কৃতিত্ব
আলোচনা করো। $৫+৫$

ঘ) ‘গৌরচন্দ্রিকা’ কাকে বলে? তোমাদের পাঠ্য পদ অবলম্বনে
এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

$২+৮$